

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট  
ঢাকা-১২১৫।  
[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

স্মারক নং-১২.০২.০০০০.০০৭.১৮.০০৫.১২-৭৪

তারিখঃ ২০/১০/২০২০খিঃ

**বিষয়ঃ আলুর কোল্ড স্টোরেজ, পাইকারী এবং খুচরা পর্যায়ে মূল্য পুনঃনির্ধারণ ও বাস্তবায়ন সংক্রান্ত।**


সূত্রঃ ১। কৃষি বিপণন অধিদপ্তরের পত্র নং- ১২.০২.০০০০.০১৯.০৬.০০১.১২-৫৪৪; তারিখঃ ০৭/১০/২০২০খিঃ।

২। কৃষি বিপণন অধিদপ্তরের প্রেস বিজ্ঞপ্তি নং- ১২.০২.০০০০.০০৭.১৮.০০৫.১২-৭৩; তারিখঃ ২০/১০/২০২০খিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রেয় পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাজারে আলুর দাম অস্বাভাবিক বৃদ্ধি পাওয়ায় কৃষি বিপণন অধিদপ্তর থেকে কোল্ড স্টোরেজ পর্যায়ে প্রতি কেজি আলু ২৩ টাকা, পাইকারি পর্যায়ে প্রতি কেজি ২৫ টাকা এবং খুচরা পর্যায়ে প্রতি কেজি ৩০ টাকা নির্ধারণ করা হয়েছিল। কৃষি বিপণন অধিদপ্তরের জেলা কর্মকর্তাসহ সরকারের অন্যান্য সংস্থাকে সাথে নিয়ে সকল জেলা প্রশাসন আলুর বাজার স্থিতিশীল করতে মনিটরিং ও নজরদারি কার্যক্রম অব্যাহত রেখেছেন যা অত্যন্ত প্রশংসনীয়।

২। আলুর বাজার স্থিতিশীল রাখতে ২০/১০/২০২০খিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরে আয়োজিত মতবিনিময় সভায় আলুর দাম পুনঃনির্ধারণের সুপারিশ করা হয়। কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ। এছাড়াও বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশনের প্রেসিডেন্ট, এসোসিয়েশনের অন্যান্য সদস্য, মুন্সিগঞ্জ এবং নারায়নগঞ্জ জেলার আলু চাষী, কাওরান বাজার এবং শ্যামবাজারের আলুর পাইকার ও আড়তদারগণ সভায় উপস্থিত ছিলেন। সভায় সার্বিক পরিস্থিতি বিবেচনায় কৃষি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে এবং **কৃষি বিপণন আইন-২০১৮-এর ধারা-৪(ঝ)** অনুযায়ী আলুর দাম কোল্ড স্টোরেজ পর্যায়ে প্রতি কেজি সর্বোচ্চ **২৭ টাকা**, পাইকারি পর্যায়ে প্রতি কেজি সর্বোচ্চ **৩০ টাকা** এবং খুচরা পর্যায়ে প্রতি কেজি সর্বোচ্চ **৩৫ টাকা** পুনঃনির্ধারণ করা হলো।

৩। এমতাবস্থায়, উল্লিখিত নির্ধারিত মূল্যে কোল্ড স্টোরেজ, পাইকারী এবং খুচরা পর্যায়ের বিক্রেতাসহ ত্রিপক্ষই যেন আলু বিক্রয় করেন সেজন্য কঠোর মনিটরিং ও নজরদারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

  
২০/১০/২০২০  
(মোহাম্মদ ইউউফ)  
মহাপরিচালক

ফোনঃ ০২-৫৫০২৮৪৫৫

ই-মেইলঃ [dg@dam.gov.bd](mailto:dg@dam.gov.bd)

**প্রাপকঃ**

জেলা প্রশাসক (সকল)

**অনুলিপিঃ জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, র্যাব ফোর্সেস, র্যাব সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৬। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৭। প্রেসিডেন্ট/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন, পুরান পল্টন, ঢাকা।
- ৮। উপপরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর।
- ৯। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা/জেলা বাজার কর্মকর্তা/জেলা বাজার অনুসন্ধানকারী (সকল),  
কৃষি বিপণন অধিদপ্তর।